দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 OCT 2007
পৃষ্ঠা ১৪ কলাম ৩

# সরকারী কলেজ শিক্ষকদের প্রমার্জন আদেশ অবৈধ

**স্টাফ রিপোর্টার॥** বিভাগীয় পরীক্ষা ও সিনিয়র স্কেলে পদোন্নতি ছাড়াই সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতির জন্য জারি করা এসআরও (প্রমার্জন) অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট। একই সঙ্গে আদালত ১৯৯২ সালের ১২ জানুয়ারির পূর্বে নিয়োগ পাওয়া শিক্ষকদের মধ্যে যারা বুনিয়াদি প্রশিক্ষণ নিতে পারেননি ও বিভাগীয় পরীক্ষা দেননি বা উত্তীর্ণ হতে পারেননি তাদের আগামী দুই বছরের মধ্যে পরীক্ষা দেয়ার সুযোগ সৃষ্টির জন্য সরকারকে নির্দেশ দিয়েছে। এতে করে শিক্ষা ক্যাডারে পদোন্নতিতে আর কোন বাধা নেই। মঙ্গলবার বিচারপতি এবিএম খায়রুল হক ও বিচারপতি সৈয়দ মোহাম্মদ জিয়াউল করিম সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই রায় দেয়।

## পদোন্নতিতে বাধা নেই

আবেদনকারীদের পক্ষে মামলাটি পরিচালনা করেন ব্যারিস্টার আমীর-উল-ইসলাম, ব্যারিস্টার তানিয়া আমীর, এম মনিরুজ্জামান আসাদ, ব্যারিস্টার শামীম হায়দার পাটওয়ারী। রায় শেষে এম মনিরুজ্জামান আসাদ জনকণ্ঠকে রায়ের তথ্য জানান। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিভাগীয় পরীক্ষা ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা পাস করতে ব্যর্থ শিক্ষা ক্যাডারের বেশ কিছু প্রভাষককে সুবিধা দেয়ার জন্য প্রচলিত বিধিমালা ভঙ্গ করে বিভাগীয় পরীক্ষা, বুনিয়াদি প্রশিক্ষণ ও সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা থেকে অব্যাহতি দিয়ে এসআরও (নং ২৫০/আইন-সম বিধি-৪ তারিখ ১১-১০-০৬) জারি করা হয়। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের বারো হাজার শিক্ষকের স্বার্থ পরিপন্থী হওয়ায় সমিতি উক্ত এসআরও'কে চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট মামলা করে। পাঁচদিন শুনানির পর মঙ্গলবার আদালত উক্ত এসআরও অবৈধ ঘোষণা করে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব মাসুমে রব্বানী সমিতির পক্ষে দ্রুত পদোন্নতি প্রক্রিয়া চালুর দাবি জানিয়েছেন। প্রসঙ্গত, গত সরকারের আমলে প্রমার্জন আদেশ বাতিলের দাবিতে সরকারী কলেজের শিক্ষকরা ধর্মঘট থেকে শুরু করে বিভিন্ন ধরনের কর্মসূচী পালন করে। শেষ পর্যন্ত আদালতের মাধ্যমে বিষয়টির ফয়সালা হলো।